



# রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (রাজশাহী ওয়াসা)

বাসা নং-২৮৪, সেক্টর-২ হাউজিং এস্টেট, উপশহর, রাজশাহী-৬২০২  
[www.rajshahiwasa.org.bd](http://www.rajshahiwasa.org.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.১৬.৮১০০.০০১.০০.২৬৮.২০২০.০৮

তারিখ : ১৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
০২ জানুয়ারি ২০২২ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

রাজশাহী ওয়াসার নিম্নবর্ণিত পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত স্থায়ীভাবে বসবাসরত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	সংখ্যা
উপব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল)	০১(এক) টি

- প্রার্থীদের বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রির সাথে বাণিজ্যিক অথবা পাবলিক ইউটিলিটিস এর অধীনে পরিচালিত পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন এবং স্টর্ম ওয়াটার ও নর্দমার ফ্যাসিলিটিসমূহের ডিজাইন বাস্তবায়নসহ অপারেশন ও রক্ষণাবেক্ষণ-এর ক্ষেত্রসমূহে দেশে বিদেশে ন্যূনতম ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে বৈদেশিক অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পে কাজ করার অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে। এছাড়া LGED/DPHE/WASA -তে কাজ করার অভিজ্ঞতাকে অতিরিক্ত Weightage হিসাবে গণ্য করা হবে।
- স্নাতকোত্তর /পিএইচডি ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- কম্পিউটার এপ্লিকেশন ও সংশ্লিষ্ট প্রফেশনাল সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে দক্ষতা থাকতে হবে।
- প্রার্থীদের সর্বনিম্ন বয়স ৫০ বছর হতে হবে। বয়সের প্রমাণস্বরূপ এসএসসি সার্টিফিকেটের কপি প্রদান করতে হবে।
- আবেদনকারী সর্বশেষ যে প্রতিষ্ঠানে কর্মরত আছেন /ছিলেন সে প্রতিষ্ঠান প্রধান অথবা তার নিয়োগকারী কর্তৃপক্ষ থেকে “অতীত চাকুরীকাল সন্তোষজনক” মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে এবং চূড়ান্ত নির্বাচিত হলে রাজশাহী ওয়াসায় যোগদানের সময় প্রার্থীর মূল সংস্থা অথবা কর্তৃপক্ষের ছাড়পত্র /লিয়োনাদেশ দাখিল করতে হবে।
- অসত্য বিভ্রান্তিকর তথ্য ও ডকুমেন্টস দাখিল করা হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- কোন সরকারী /আধা-সরকারী /স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হতে বরখাস্ত (ডিসমিসড) বা কোন ফৌজদারী আদালতে সাজাপ্রাপ্ত ব্যক্তি উক্ত পদের জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।
- ন্যাশনাল পে স্কেল এর সাথে সামঞ্জস্য রেখে রাজশাহী ওয়াসা বোর্ড কর্তৃক বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি নির্ধারণ করা হবে।
- ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা বরাবর ১০০০ (এক হাজার) টাকার পে অর্ডার ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল ডকুমেন্টসমূহ সংযুক্ত করে আগামী ০৯.০২.২০২২ খ্রিঃ তারিখ বিকেল ৫:০০ টার মধ্যে রাজশাহী ওয়াসা দপ্তরে আবেদনপত্র দাখিল করতে হবে।
- শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত (short listed) প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- রাজশাহী ওয়াসা বোর্ড কোন কারণ ব্যতিরেকেই যে কোন /সকল আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

অধ্যাপক ড. প্রকৌশলী এম. শামীম উজ্জ্বল জামান বসুনিয়া, পি ইঞ্জ  
চেয়ারম্যান

রাজশাহী ওয়াসা বোর্ড, রাজশাহী।

E-mail: [rajshahiwas@gmail.com](mailto:rajshahiwas@gmail.com)